

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।

[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)

পত্র নং-৫৮.০৮.০০০০.০২৪.০৩.০০৮.২১- ৮৭

তারিখঃ ৫ চৈত্র ১৪২৭  
২৩ মার্চ ২০২১

বিষয়ঃ কারা প্রশাসনে গতিশীলতা আনায়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে দরবার অনুষ্ঠান করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ জেল এ দরবার অনুষ্ঠান সম্পর্কিত পূর্বের আদেশ পরিবর্তনপূর্বক নিম্নরূপ নির্দেশনা জারী করা হলো।  
কারা উপ মহাপরিদর্শক ও কারা কর্তৃপক্ষ নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক দরবার গ্রহণ করবেন।


নং	প্রতিষ্ঠানের নাম	দরবার গ্রহণকারী কর্তৃপক্ষ	দরবার গ্রহণের সময়	মন্তব্য
১	কেন্দ্রীয়/জেল কারাগার	সিনিয়র জেল সুপার/জেল সুপার/জেলার	প্রতি মাসে অন্তত এক বার অধীনস্থ স্টাফদের দরবার নিবেন	--
২	কারা উপ মহাপরিদর্শক এর দণ্ডর	কারা উপ মহাপরিদর্শক	প্রতি ০৩ মাসে অন্তত এক বার অধীনস্থ কারাগারের দরবার নিবেন	--
৩	কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা	কারা মহাপরিদর্শক	প্রতি ০৪ মাসে অন্তত এক বার সকল কারা উপ-মহাপরিদর্শক এবং কারাগারের সাথে ভার্চুয়াল দরবার নিবেন	--

উপরোক্ত ‘ছক’ মোতাবেক স্থানীয় কারা কর্তৃপক্ষ প্রতি মাসের প্রথম অর্থবা দ্বিতীয় সপ্তাহে অধিনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের দরবার গ্রহণ করবেন। সিনিয়র জেল সুপার/জেল সুপার/জেলারগণ অধিনস্থ স্টাফদের অভিযোগ/সমস্যা শুনবেন এবং তাৎক্ষণিক সমাধান করবেন। যে সকল সমস্যা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক সমাধান করা সম্ভব নয়, সে সকল বিষয়ে সংশ্লিষ্ট কারা উপ মহাপরিদর্শক এর নিকট প্রেরণ করবেন।

দরবার অনুষ্ঠান গ্রহণ সংক্রান্ত প্রতিবেদন কারা কর্তৃপক্ষ প্রতি মাসের শেষ সপ্তাহে সংযুক্ত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কারা উপ-মহাপরিদর্শক এর মাধ্যমে কারা মহাপরিদর্শক বরাবরে প্রেরণ করবেন।

১। কারা উপ মহাপরিদর্শকগণ প্রতি ০৩ মাসে অন্তত এক বার তাঁর অধীনস্থ কারাগারের দরবার নিবেন এবং কারাগার হতে প্রাপ্ত সকল সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবহা গ্রহণ করবেন। যে সকল সমস্যা কারা উপ-মহাপরিদর্শক কর্তৃক সমাধান যোগ্য নয় তা সমাধানের লক্ষ্যে মতামত/সুপারিশসহ কারা মহাপরিদর্শক বরাবরে প্রতিবেদন প্রেরণ করবেন।

কারা মহাপরিদর্শক প্রতি ৪ মাস অন্তর এক বার সকল কারা উপ মহাপরিদর্শক এবং সকল কারা কর্মকর্তা/কর্মচারীদের সঙ্গে ভার্চুয়াল মাধ্যমে দরবার গ্রহণ করবেন।

  
মোঃ আররার হোসেন  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোনঃ ৫৭৩০০২২২ (দণ্ডর)।  
addl.ig@prison.gov.bd

- কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দণ্ডর।
- সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেল কারাগার।
- সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক, কারা প্রশিক্ষণ ইনসিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- প্রশাসনিক কর্মকর্তা-১/২, পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
- তারপ্রাণ কর্মকর্তা, প্রিজেস ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- তারপ্রাণ কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- শাখা প্রধান (সকল শাখা) কারা অধিদপ্তর, ঢাকা।
- কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী। কারা অধিদপ্তর, ঢাকা।